Dated: 27th July 2020

The Secretary
The National Stock Exchange of India Limited
Exchange Plaza, Bandra Kurla Complex
Bandra (E) Mumbai – 400 051

Sub: Newspaper Advertisement – Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015

Ref: 34th Annual General Meeting of the Company through Video Conferencing (VC)/ Other Audio Visual Means (OAVM)

Symbol: ASHIANA

Dear Sir,

Please find enclosed herewith relevant page of "Ekdin" (Bengali- Kolkata Edition) and "Financial Express" (English– All Editions) intimating that 34th Annual General Meeting (AGM) of the Company will be held on Tuesday, 18th August, 2020 through via Video Conferencing (VC)/ Other Audio Visual Means (OAVM), along with other related information.

You are requested to take this information on your record.

Thanking you,
For **Ashiana Housing Ltd.**

Nitin Sharma
(Company Secretary)

Encl: As above

Ashiana Housing Ltd.
304, Southern Park, Saket District Centre,
Saket, New Delhi – 110 017
CIN: L70109WB1986PLC040864
Regd. Office: 11G Everest, 46/C Chowringhee Road, Kolkata – 700 071
011-42654265, Email: investorrelations@ashianahousing.com
Website: www.ashianahousing.com

চোপড়া-কাণ্ডে নয়া মোড়, গ্রেপ্তার মৃত কিশোরীর বাবা ও দুই দাদা

নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: চোপড়া-কাণ্ডে নয়া মোড়। গ্রেপ্তার করা হয়েছে মৃত কিশোরীর দাদা ও বাবাকে। মৃত কিশোরের পরিবারের দায়ের করা অভিযোগের ভিত্তিতে পুলিশ ৩ জনকে মঙ্গলবার সকালে গ্রেপ্তার করেছে। অভিযোগের ভিত্তিতে সোমবার বিকেলেই পুলিশ ৪ জনকে আটক করেছিলো। তাদের জেরা করার পর আটক করা ব্যক্তিদের মধ্যে ৩ জনকে পুলিশ গ্রেপ্তার করে এদিন আদালতে পেশ করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত ওই ৩ ব্যক্তিই হলো রবিবার মৃত কিশোরীর বাবা ও তার দুই দাদা।

বিজেপির পক্ষ থেকে পুলিশের এই গ্রেপ্তারের ঘটনার পিছনে রাজনৈতিক কারণ আছে বলে দাবি করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদে বিজেপির পক্ষ থেকে রায়গঞ্জ শহরের জেলা কার্যালয়ের সামনে এক ধিক্কার সমাবেশের আয়োজন করা হয়। শনিবার সকালে চোপড়া থানার সোনাপুর গ্রাম পঞ্চায়েতের বসলামপুর এলাকায় আগের রাত থেকে নিখোঁজ থাকা এক কিশোরীর মৃতদেহ পাওয়া যায় স্থানীয় একটি চা বাগানের পাশ থেকে। এই ঘটনার জেরে দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবিতে স্থানীয় বাসিন্দারা ৩১ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে। অবরোধ তুলতে গেলে পুলিশের সাথে তাদের কার্যত খণ্ডযুদ্ধ বাধে। টিয়ার গ্যাস ও লাঠিচার্জ হয়। পাশাপাশি উত্তেজিত জনতা পুলিশের ও পথচলতি মোট ৬ টি গাড়িতে ভাঙচুর করার পাশাপাশি আগুন লাগিয়ে দেয়। পুলিশ এই ঘটনার জেরে ১৬ জনকে গ্রেপ্তার করে। মৃত কিশোরীর পরিবারের পক্ষ থেকে তার সহপাঠী ফিরোজ আলি নামে এক কিশোরের বিরুদ্ধে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়। পুলিশ সোমবার সকালে ওই এলাকা থেকেই মূল অভিযুক্ত ওই কিশোরের মৃতদেহ পাওয়া যায়। নতুন করে উত্তেজনা সৃষ্টি হয়। মৃত কিশোরের পরিবারের পক্ষ থেকে ওই কিশোরীর পরিবারের সদস্যদের বিরুদ্ধে তাকে রাতে ফোন করে ডেকে নিয়ে যাওয়ার ব্যাপারে অভিযোগ করা হয়। এই অভিযোগের ভিত্তিতে পুলিশ সোমবার বিকেলে ওই কিশোরীর পরিবারের ৪ সদস্যকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে। এদিন তাদের মধ্যে ওই কিশোরীর বাবা ও দুই দাদাকে গ্রেপ্তার করা হয়।

ধৃত মধু সিংহ (দাদা) জানিয়েছেন, 'আমার বোন মারা গিয়েছে। সোমবার পুলিশ জিজ্ঞাসাবাদ করার জন্য আমাদের ডেকে নিয়ে আসে। এদিন সকালে আমাদের গ্রেপ্তার করে। আমাদের বিরুদ্ধে চক্রান্ত করা হয়েছে।'

বিজেপির জেলা সভাপতি বিশ্বজিৎ লাহিড়ী জানিয়েছেন, 'তৃণমূল কংগ্রেসের নির্দেশে মেনে পুলিশ বেছে বেছে আমাদের দলের সমর্থকদের গ্রেপ্তার করছে। যে বাড়ির মেয়ে মারা গেলো, তাদেরকেই অন্যায়ভাবে পুলিশ গ্রেপ্তার করেছে। পুলিশের এই পক্ষপাতিত্বের বিরুদ্ধে আমরা এদিন ধিক্কার সভা করেছি। আগামীতে জেলাজুড়ে আন্দোলন শুরু করা হবে।'

পুলিশ সুপার শচিন মক্কর জানিয়েছেন, 'সোমবার মৃত কিশোরের পরিবারের দায়ের করা অভিযোগের ভিত্তিতে ওই কিশোরীর বাবা ও দুই দাদাকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে খুনের মামলা শুরু করা হয়েছে।'

করোনা মোকাবিলায় আরামবাগে ফের লকডাউন

নিজস্ব প্রতিবেদন, হুগলি: হুগলি জেলার আরামবাগে ফের লকডাউন। করোনা ভাইরাসের প্রকোপ বাড়ায় আরামবাগ প্রশাসন ১৯টি ওয়ার্ডেই লকডাউন ঘোষণা করে। এদিন সারা শহরজুড়ে লকডাউন চলছে। দোকানপাট পুরোপুরিভাবে বন্ধ। সকাল থেকেই পুলিশি নজরদারি চলছে। ইতিমধ্যে আরামবাগ মহকুমা প্রশাসনের নির্দেশে করোনা ভাইরাস মোকাবিলা পুলিশ কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে। প্রতিটি রাস্তার মোড়ে মোড়ে পুলিশ দেওয়া হয়েছে। আরামবাগ পুরসভায় করোনার প্রকোপ বাড়ায় আরামবাগ মহকুমা প্রশাসন সাতদিনের জন্য আরামবাগ পুরসভার বিভিন্ন ওয়ার্ডে লকডাউন ঘোষণা করে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই লকডাউন ঘোষণার আগে আরামবাগ মহকুমা প্রশাসনের কার্যালয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক হয়।

হুগলি

সেই বৈঠক থেকেই সিদ্ধান্ত নেওয়া হয় আগামী সাতদিনের জন্য আরামবাগ শহরসহ ওয়ার্ডগুলোতে লকডাউন বলবৎ থাকবে। এদিন সকাল থেকেই লকডাউন সফল করতে পুলিশি তৎপরতা ছিল চোখে পড়ার মতো। আরামবাগ মহকুমা পুলিশ আধিকারিক নির্মল কুমার দাস থেকে শুরু করে আরামবাগ মহকুমা প্রশাসক নৃপেন্দ্র সিংকে রাস্তায় রাস্তায় নেমে লকডাউন কার্যকর করতে দেখা যায়। এই বিষয়ে পুলিশ আধিকারিক নির্মল কুমার দাস বলেন, বিনা কারণে রাস্তায় বের হলেই প্রশাসন তাদের সচেতন করার পাশাপাশি কড়া পদক্ষেপ গ্রহণ করবে। আরামবাগ মহকুমা প্রশাসক নৃপেন্দ্র সিং বলেন, আরামবাগ পুর প্রশাসন ও প্রশাসনের অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যাতে করে করোনা ভাইরাস থেকে এলাকার মানুষকে রক্ষা করা যায় সেই জন্যই পুরএলাকায় লকডাউন ঘোষণা করা হয়েছে।

মাসি শাশুড়িকে পুড়িয়ে খুন

নিজস্ব প্রতিবেদন, বর্ধমান: রাগ করে চলে আসা স্ত্রীকে ফিরিয়ে নিয়ে যেতে এসেছিলেন স্বামী। কিন্তু শ্বশুরবাড়িতে মাসি শাশুড়ি ও মেসো শ্বশুরের বাধায় স্ত্রীকে ফেরত নিয়ে যেতে না পেরে গভীর রাতে ঘুমন্ত অবস্থায় মাসি শাশুড়ি ও মেসো শ্বশুরের গায়ে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে দেয় জামাই। ঘটনা ঘটেছে ভাতার থানার বাসুদা মাল পাড়ায়। ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে মাসি শাশুড়ি জ্যোৎস্না মালের (৪০)। বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি মেসো শ্বশুর অজিত মাল (৪৫)। এই ঘটনায় অভিযুক্ত জামাই কৃষ্ণ মালিককে গ্রেপ্তার করেছে ভাতার থানার পুলিশ। ধৃতকে এদিন বর্ধমান আদালতে পেশ করা হয়।

Tender is invited by the undersigned for the work:- "Annual maintenance & servicing of 6 (six) nos. passenger lifts (IBIJI) in the compound of Tollygunge Police Station, 178A, S.P. Mukherjee Road, Kolkata-700026." Tender No: **01/IR/T/KCED/I of 2020-2021 (2nd call).** Document Submission end date upto 11:00 A.M. on 30/07/2020. Website http://www.pwdwb.in for details contact at the office of the undersigned. Corrigendum if any will be published only the said website.

Sd/- P. Sarkar
Executive Engineer, PWD
Kolkata Central Electrical Division

ABRIDGED TENDER NOTICE

Sealed tenders are invited by the undersigned from bonafied, experienced agencies for the following:-

1. Memo No – 912/DM/2020 Dt:- 20.07.2020. Last Date & Time Limit for submission Tender Application date- 30.07.2020 from 13.00 hrs. Last Date & Time Limit for issuance tender document: 03.08.2020 up to 14.00 hrs. Last Date & Time Limit for receiving sealed tender: 05.08.2020 upto 13.00 hrs. Last Date & Time Limit for Opening of sealed tender : 05.08.2020 at 14.00 hrs.

Details are available at the office of the undersigned on any working day.

Sd/-
Executive Officer
Dubrajpur Municipality
Birbhum

আশিয়ানা হাউজিং লিমিটেড
CIN: L70109WB1986PLC040864
রেজি অফিস: ১১জি, এভারেস্ট, ৪৬/সি, চৌরঙ্গী রোড, কলকাতা-৭০০ ০৭১
মুখ্য দপ্তর: ইউনিট নং. ৪ ও ৫, ৪র্থ তল, প্লট নং ডি-২, সাকেত ডিস্ট্রিক্ট সেন্টার, সাকেত, নিউ দিল্লি-১১০ ০১৭; ফোন: ০১১-৪২৬৫৪২৬৫; ফ্যাক্স: ০১১-৪২৬৫ ৪২০০
ই-মেল: investorrelations@ashianahousing.com
ওয়েবসাইট: www.ashianahousing.com

নোটিস

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, বার্ষিক সাধারণ সভা এবং আসন্ন বার্ষিক সাধারণ সভায়, শেয়ারহোল্ডারদের দ্বারা যদি অনুমোদিত হয় তবে ৩১ মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত আর্থিক বর্ষের জন্য লভ্যাংশের উপযুক্ত শেয়ারহোল্ডারদের নথিভুক্ত করার উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেজিস্টার ও শেয়ার হস্তান্তর বই ১২ অগাস্ট, ২০২০ থেকে ১৮ অগাস্ট, ২০২০ তারিখ পর্যন্ত (উভয়দিন-সহ) বন্ধ থাকবে।

এতদ্দ্বারা আরও বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের প্রযোজ্য বিধানাবলি ও তদধীন গঠিত রুলস, এবং সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ – কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ), ভারত সরকার কর্তৃক ইসু করা ১৪/২০২০, ১৭/২০২০, ২০/২০২০ তারিখ যথাক্রমে ০৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল, ২০২০, ০৫ মে, ২০২০ এবং সার্কুলার নং সেবি/এইচ.ও./সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/ ২০২০/৭৯ তারিখ ১২ মে, ২০২০ যা ইসু করেছে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি)-এর সঙ্গে সঙ্গতি রেখে বার্ষিক সাধারণ সভা আহ্বায়ক নোটিসে প্রদত্ত কার্যাদি নিষ্পন্নের জন্য ভিডিও কনফারেন্স (ভিসি) বা আদার অডিও ভিজুয়াল মিনস (ওএভিএম) মাধ্যমে **কোম্পানির ৩৩তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ১৮ অগাস্ট, ২০২০ তারিখ মঙ্গলবার সকাল ১১টায়** শুরু হবে।

উপরোক্ত সার্কুলারগুলির সঙ্গে সঙ্গতি রেখে বার্ষিক সাধারণ সভার নোটিস এবং ২০১৯-২০ আর্থিক বর্ষের বার্ষিক রিপোর্টের ইলেকট্রনিক কপি সেই সমস্ত সদস্যকে পাঠানো হবে যাদের ইমেল অ্যাড্রেস কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে রেজিস্টার্ড আছে। উক্ত নোটিস এবং বার্ষিক রিপোর্ট কোম্পানির ওয়েবসাইট **www.ashianahousing.com** এবং কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে এমন স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইটে (**www.nseindia.com** এবং **www.bseindia.com**) পাওয়া যাবে।

শেয়ারহোল্ডাররা তাঁদের ই-মেল ঠিকানা কোম্পানি/ডিপজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে রেজিস্টার না-করার ক্ষেত্রে বা লভ্যাংশ পাওয়ার জন্য তাদের ব্যাংক অ্যাকাউন্ট ম্যান্ডেট হালনাগাদ না হওয়ার ক্ষেত্রে নিচের নির্দেশাবলি অনুসরণ করুন :-

ক) ফিজিক্যাল মোডে শেয়ার আছে এমন সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন নিম্নোক্ত বিবরণগুলি তাঁদের বিবরণ রেজিস্টার /হালনাগাদ করার জন্য পাঠান, ই-মেল আইডি, ফোলিও নম্বর, শেয়ারহোল্ডারদের নাম, মোবাইল নম্বর ও স্ব-প্রত্যয়িত পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান) -এর স্ক্যান কপি ই-মেল করে আমাদের রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-কে এখানে পাঠিয়ে দিন **beetalrta@gmail.com** ।

খ) বৈদ্যুতিন মোডে শেয়ারধারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে কোম্পানির কাছ থেকে বৈদ্যুতিনভাবে সমস্ত যোগাযোগ বার্তা পাওয়ার জন্য স্ব-স্ব ডিপজিটরি পার্টিসিপ্যান্টদের (ডিপি) কাছে তাঁদের ই-মেল আইডি রেজিস্টার/হালনাগাদ করতে।

গ) যে ব্যাঙ্কে শেয়ারধারী তার লভ্যাংশ পেতে চান তার নাম ও শাখা, ব্যাঙ্ক অ্যাকাউন্টের ধরন, ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, এমআইসিআর কোড, আইএফএসসি কোড ও বাতিল চেক -এর একটি স্ক্যান করা কপি (ফার্স্ট হোল্ডারের নাম-সহ)।

এজিএম-এর সময় রিমোট ই-ভোটিং এবং ই-ভোটিং মাধ্যমে ভোটদান পদ্ধতি :

ক) সদস্যরা বার্ষিক সাধারণ সভার নোটিসে দেওয়া কার্যাদির ওপর তাদের ভোটদানের সুযোগ পাবেন বার্ষিক সাধারণ সভার নোটিসে বিস্তারিত পদ্ধতি অনুযায়ী এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং এবং ই-ভোটিং পদ্ধতির মাধ্যমে।

খ) এজিএম চলাকালে রিমোট ই-ভোটিং এবং ভোটিংনএর মাধ্যমে ভোটদানের জন্য পরিচয়পত্রাদি লগ ইন সদস্যরা ই-মেল যোগে তখনই পাবেন যখন তাঁরা উপরে নির্ধারিত পদ্ধতিতে সফলভাবে তাঁদের ই-মেল রেজিস্টার করবেন।

বোর্ডের আদেশক্রমে
আশিয়ানা হাউজিং লিঃ-এর পক্ষে
স্বা/-
স্থান: নয়া দিল্লি **নীতিন শর্মা**
তারিখ: ২১.০৭.২০২০ কোম্পানি সেক্রেটারি

অর্জুন সিংয়ের জয় গণতন্ত্রের প্রমাণ: জ্যোতিপ্রিয় মল্লিক

নিজস্ব প্রতিবেদন, বারাসত: গণতন্ত্র আছে বলে মানুষের ভোটেই বলীয়ান হয়েই ব্যারাকপুরে জিতেছেন অর্জুন সিং। এমনই উপলব্ধি তৃণমূল নেতা জ্যোতিপ্রিয় মল্লিকের।

লোকসভা নির্বাচনের পরে কেটে গিয়েছে চোদ্দো মাস। অবশেষে খাদ্যমন্ত্রী ও তৃণমূল নেতা জ্যোতিপ্রিয় মল্লিক মেনে নিলেন ব্যারাকপুরে লোকসভা নির্বাচনে অর্জুন সিংয়ের জয় গণতন্ত্রের প্রমাণ। খাদ্যমন্ত্রীর বক্তব্য, মানুষের ভোটেই ব্যারাকপুরে অর্জুন সিং জয়লাভ করছিলেন। গণতন্ত্র আছে বলেই অর্জুন সিং ব্যারাকপুরে জিতেছিলেন। পাশাপাশি তিনি এও জানিয়েছেন, গণতন্ত্র আছে বলেই ভাটপাড়া বিধানসভা উপনির্বাচনে অর্জুন সিংয়ের পুত্র পবন সিং জয়লাভ করেছিলেন। লোকসভা নির্বাচন ও ভাটপাড়ার বিধানসভা উপনির্বাচনের আগে বিজেপি-তৃণমূল সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে ব্যারাকপুর লোকসভা ক্ষেত্রের বিস্তীর্ণ অঞ্চল। ভোটের পরেও চলেছে রাজনৈতিক সংঘর্ষ। ব্যারাকপুরে তৃণমূল প্রার্থী দীনেশ ত্রিবেদীর জয়ের বিষয়ে নিশ্চিত হয়ে অভিষেক বন্দোপাধ্যায় বলেছিলেন, ব্যারাকপুর কেন্দ্রে তৃণমূল প্রার্থী দু'লক্ষের বেশি ভোটে না জিতলে রাজনৈতিক সন্ন্যাস নেবেন অভিষেক। কিন্তু বাস্তবের মাটিতে দাঁড়িয়ে প্রায় হাজার দশেক ভোটে জিতে ব্যারাকপুর লোকসভা কেন্দ্রে বাজিমাত করেন অর্জুন সিং। নির্বাচনী ফল প্রকাশের পরে অর্জুন সিংয়ের জয় হজম করতে পারেনি তৃণমূল নেতৃত্ব। মানুষের ভোটে বিজেপি জিতেছে মেনে নিলেও অর্জুন সিংকে মঙ্গলবার বিঁধতে ভোলেননি জ্যোতিপ্রিয় মল্লিক। একুশে জুলাইয়ের সমাবেশের আগে মধ্যমগ্রামে তৃণমূল উত্তর চব্বিশ পরগনা জেলা পার্টি অফিসে দলীয় পতাকা উত্তোলন করে জানান, 'অর্জুন সিংয়ের গুন্ডামি চলছে ভাটপাড়া এলাকায়। অর্জুন সিংয়ের পায়ের তলায় মাটি সরে গিয়েছে।'

যদিও, মঙ্গলবার জ্যোতিপ্রিয় মল্লিক যা বলছেন, তা থেকে স্পষ্ট, তৃণমূল নেতৃত্বের আত্মোপলব্ধি। এবং এখানেই পরিষ্কার ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের সমীকরণ স্থির করবে ভাটপাড়া। প্রসঙ্গত, ভাটপাড়ার বিধায়ক অর্জুন সিংহের পুত্র। অর্জুন সিংয়ের দাপট অপ্রতিহত কার্যত মেনে নিয়ে জ্যোতিপ্রিয় বলেছেন, এরকম হলে মারামারি চলবে। কিন্তু নববোধোদয় হওয়া খাদ্যমন্ত্রীর বক্তব্য, 'আমি বলছি না মার-দাঙ্গা করে ভোট করাব।' তিনি এও বলেন বিজেপি তৃণমূল মানুষকে নিজেদের কথা বলুক। ভাটপাড়ার মানুষ যাকে মেনে নেবে সেই দল 'বাজারে থাকবে'।

তৃণমূল নেতৃত্ব হাড়ে হাড়ে বুঝছেন, অর্জুন সিং ব্যারাকপুর শিল্পাঞ্চলের ইঙ্গিতে ইঙ্গিতে জমি ছাড়ছেন না। সেয়ানে সেয়ানে লড়াই চলছে ব্যারাকপুরজুড়ে। উত্তাপ কমছে না ভাটপাড়া-সহ বিস্তীর্ণ অঞ্চলজুড়ে। তাই খাদ্যমন্ত্রী তাই অবশেষে গণতন্ত্রের ধ্বজা উড়িয়ে তাঁর জেলা পুনর্দখলের কথা ঘোষণা করছেন।

শহিদ দিবস পালন নিয়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে আহত দুই গোষ্ঠীর একাধিক

নিজস্ব প্রতিবেদন, অশোকনগর: শহিদ দিবস পালন করা নিয়ে প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে আহত দুই গোষ্ঠীর একাধিক সদস্য। প্রত্যেকে অশোকনগর স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুপুরে অশোকনগর পুরসভার দুই নম্বর ওয়ার্ডের আমতলা এলাকার। আহত তৃণমূল কর্মী এবং তাদের পরিবারের অভিযোগ চেয়ারম্যান প্রবোধ সরকারের অনুগামীরা মারধর করেছে। পরবর্তীতে ঘটনার খবর পেয়ে হাসপাতালে ছুটে আসেন অশোকনগর বিধায়ক ধীমান রায়। তিনি জানান, শুধু একটা ঝামেলা হয়েছে শুনে আহতদের দেখতে এসেছিলাম হাসপাতালে। এই নিয়ে প্রশাসক প্রবোধ সরকারের সঙ্গে কথা বললে তিনি জানান, কাছাকাছি দুটো শহিদ দিবস করা নিয়ে গন্ডগোল হয়। তবে যারা হাসপাতাল বেডে শুয়ে আছেন তারা কেউ আহত নয় পুরোটাই মিথ্যা এবং সাজানো নাটক। তারা কেউ তৃণমূলের সঙ্গে যুক্ত নয়, গত লোকসভা ভোটের পর থেকে এরা সবাই বিজেপি করেন। পাশাপাশি, আহত ব্যক্তিরা প্রত্যেকেই কিছু না কিছু দুর্নীতির সঙ্গে যুক্ত এবং অল্প দিনেই অগাধ টাকার মালিক হয়েছে কীভাবে প্রশ্ন তোলেন প্রবোধ সরকার। মূলত অশোকনগরে বিধায়ক ধীমান রায় ও ভাইস চেয়ারম্যান সমীর দত্তের গোষ্ঠী এবং অশোকনগর চেয়ারম্যান গোষ্ঠীর ভিতরই এই ঝামেলা হয় বলে সূত্রের খবর। ঘটনাস্থলে অশোকনগর থানার পুলিশ বাহিনী এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে

অশোকনগর

আনে। ঘটনাস্থলে অস্থায়ী পুলিশ পিকেট বসানো হয়েছে।

এই নিয়ে অশোকনগরের বিজেপি নেতা স্বপন দের সাথে কথা বললে তিনি জানান, এই ঘটনার সঙ্গে বিজেপির কোনও যোগ নেই। এরা প্রত্যেকেই তৃণমূল কর্মী এবং একটি সময় এরা সবাই চেয়ারম্যান ঘনিষ্ঠ ছিল বলেই তিনি দাবি করেন। এটা তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে মূলত বিবাদ। নিজেদের দোষ ঢাকতেই মিথ্যে ভাবে অভিযোগ করছেন বিজেপির ওপর।

তৃণমূল-বিজেপি সংঘর্ষে আহত সিআই

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: বেলিয়াবেড়া থানার পেটবিন্ধি গ্রাম পঞ্চায়েত এলাকার কালিঞ্জতে আজ মঙ্গলবার তৃণমূল-বিজেপি সংঘর্ষে ৪ জন তৃণমূল কর্মী ও ২ জন বিজেপি কর্মী গুরুতরভাবে জখম হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে সংঘর্ষ থামাতে গিয়ে আহত হয়েছেন গোপীবল্লভপুরের সিআই গৌতম চক্রবর্তী। সার্কেল ইনস্পেক্টর-সহ আহতদের সকলকে ঝাড়গ্রাম সুপার স্পেশ্যালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে পেটবিন্ধি অঞ্চলের কালীঞ্জা গ্রামে ১০০ দিনের কাজ দেওয়াকে কেন্দ্র করে তৃণমূল কর্মীদের সঙ্গে বিজেপি কর্মীদের সংঘর্ষ বাধে। সংঘর্ষ থামাতে গিয়ে আহত হন সিআই গৌতম চক্রবর্তী। আহত সিআইকে দেখতে হাসপাতালে যান ঝাড়গ্রামের পুলিশ সুপার অমিত কুমার ভরত রাঠোর। বেলিয়াবেড়া থানার পুলিশ তদন্ত শুরু করেছে বলে জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে।

আত্মঘাতী পরিযায়ী শ্রমিক

নিজস্ব প্রতিবেদন, সিউড়ি: বাড়ি ফিরে আসা পরিযায়ী শ্রমিকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়িয়েছে লোকপুরের রুপুসপুর গ্রামে। পরিবারের অভিযোগ, মিথ্যা চোরের অপবাদ দেওয়াতেই আত্মহত্যা করেছে সে। পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ আত্মীয় ও গ্রামবাসীরা। ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পরে। মৃতদেহ উদ্ধারে গিয়ে বাধার মুখে পরে পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে বলেই জানিয়েছেন বীরভূমের পুলিশ সুপার শ্যাম সিং।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানা গিয়েছে, মৃতের নাম সৌভিক গঁড়াই (২২)। বাড়ি লোকপুর থানার রুপুসপুর গ্রামে। গুজরাতে কাজ করত সে। প্রায় দু'বছর পর লকডাউনের আগে বাড়ি ফেরে। দিন দুয়েক আগে রাতে প্রতিবেশী শিবু রায়ের দোকান থেকে একটি সাইকেল, গ্যাস সিলিন্ডার ও নগদ টাকা চুরি যায় বলে অভিযোগ ওঠে। পরিযায়ী শ্রমিক সৌভিকের নামে অভিযোগ হয় লোকপুর থানায়। এদিকে গ্রামের কাছে ফাঁকা মাঠ থেকে চুরি যাওয় জিনিস উদ্ধার হয়। পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায়।

নোটিস

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আমরা, রাজেন্দ্র কুমার বাদের এবং অবনী বাদের, ঠিকানা বি-৭, গুলমোহর পার্ক, নয়া দিল্লি আমাদের পূর্বসুরির অধিকারে ভানোয়ারি দেবী বাদের-এর প্রবেট করা একটি উইলের বলে তাঁর পূর্বতন মালিকানাধীন ফ্ল্যাট নং সি/২, ৩য় তল, ব্লক-২, প্রেমিসেস নং ৫, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৭ -এর যৌথ মালিক উপরিবর্ণিত ফ্ল্যাটের মূল সেল ডিড যা ভানোয়ারি দেবী বাদের -এর মৃত্যুর পর থেকে আমাদের অধিকারে ছিল, দুর্ভাগ্যক্রমে তা হারিয়ে গেছে এবং/বা খুঁজে পাওয়া যাচ্ছে না। এ-সম্পর্কে একটি জেনারেল ডায়েরিও সংশ্লিষ্ট থানায় দায়ের করা হয়েছে জিডি নং এল আর ৪২২৮৭৩/২০২০ তারিখ ১৮.০৭.২০২০।

উপরোক্ত মূল সেল ডিড যাঁরই হেফাজতে থাকুক তাঁকে এতদ্দ্বারা উপরিবর্ণিত মূল সেল ডিডটি এই নোটিস প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে আমাদের হাতে তুলে দিতে এতদ্দ্বারা অনুরোধ করা হচ্ছে। যদি কারও অননুমোদিত হেফাজতে উপরোক্ত মূল সেল ডিডটি থাকে তার দ্বারা উক্ত ডিড -এ থাকা আমাদের নিরঙ্কুশ স্বার্থের পক্ষে ক্ষতিকর কিছু করা হয় তবে আইনে তা অকার্যকর, নিষ্ফল ও মন্দ হিসাবে গণ্য হবে।

কোঠারি গ্রুপ Kothari Group Imagine Inspire Deliver

গিলান্ডার্স আরবুথনট অ্যান্ড কোম্পানি লিমিটেড
রেজিস্টার্ড অফিস সি-৪, গিলান্ডার হাউস, নেতাজি সুভাষ রোড, কলকাতা- ৭০০০০১
CIN : L51909WB1935PLC008194
টেলিফোন নং +৯১-৩৩-২২৩০-২৩৩১ (৬ লাইন), ফ্যাক্স +৯১-৩৩-২২৩০-৪১৮৫
ওয়েবসাইট : www.gillandersarbuthnot.com
ই-মেল: secretarial@gillandersarbuthnot.com

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, ৮৬তম এজিএম আহ্বায়ক নোটিসে বিধৃতমতো কার্যাদি নিষ্পন্নের জন্য ২০১৩ সালের কোম্পানি আইনের প্রযোজ্য বিধানাবলি ও তদধীন প্রণীত রুলস এবং সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এবং এমসিএ কর্তৃক ইসু করা সার্কুলার এর সঙ্গে সামঞ্জস্য রেখে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিসুয়াল মিনস ("ভিসি/ওএভিএম) ফেসিলিটির মাধ্যমে **১৪ অগস্ট, ২০২০ তারিখ শুক্রবার সকাল ১০টায়** (ইন্ডিয়ান স্ট্যান্ডর্ড টাইম – আইএসটি) কোম্পানির সদস্যদের ৮৬তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") অনুষ্ঠিত হবে।

এজিএম এবং রিমোট ই-ভোটিংয়ে অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী সহ ৮৬তম এজিএম আহ্বানকারী নোটিশের অনুলিপি ইতিমধ্যে ইমেলগুলির মাধ্যমে সেই সদস্যদের কাছে প্রেরণ করা হয়েছে যাদের ই-মেইল ঠিকানা সংস্থা / আরটিএ / আমানত অংশগ্রহণকারী (গুলি) এর সাথে নিবন্ধিত রয়েছে। ২০২০ সালের ৩১ মার্চ শেষ হওয়া আর্থিক বছরের নোটিশ এবং বার্ষিক প্রতিবেদনটিও **www.gillandersarbuthnot.com**- এ "ইনভেস্টর" বিভাগে কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লিখিত নথিগুলি **www.nseindia.com, www.bseindia.com**, স্টক এক্সচেঞ্জগুলিতে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে এবং সিডিএসএল **www.evoting@india.com** ওয়েবসাইটেও পাওয়া যাবে।

কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বইগুলি ৭ আগস্ট, ২০২০ থেকে ১৪ আগস্ট, ২০২০ (উভয় দিন সহ) বন্ধ থাকবে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো যাচ্ছে যে সংস্থাটি তার সদস্যদের উপরোক্ত ৮৬ তম এজিএমের এজেন্ডায় অন্তর্ভুক্ত সমস্ত রেজোলিউশনে বৈদ্যুতিন মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের সুবিধা প্রদান করবে। সদস্যরা যে কোনও প্রত্যন্ত স্থান ("রিমোট ই-ভোটিং") থেকে সিডিএসএলের বৈদ্যুতিন ভোটদান সিস্টেমটি ব্যবহার করে তাদের ভোট দিতে পারেন। রিমোট ই-ভোটিং সুবিধার মাধ্যমে যদি তারা ভোট না দিয়ে থাকে তবে একই সাথে অংশ নেওয়া সদস্যদের ৮৬তম এজিএম চলাকালীন বৈদ্যুতিন ভোটদানের সুবিধাও সরবরাহ করা হবে।

রিমোট ই-ভোটদানের সময়কাল মঙ্গলবার, ১১ আগস্ট, ২০২০ সকাল ৯টা থেকে শুরু হবে (আইএসটি) এবং ১৩ আগস্ট, ২০২০ বৃহস্পতিবার, বিকাল ৫টায় (আইএসটি) শেষ হবে। রিমোট ই-ভোটিংটি উল্লিখিত তারিখ এবং সময় অতিক্রম করার অনুমতি পাবে না।

কোনও ব্যক্তি, যার নাম কাট-অফ তারিখ শুক্রবার,৭ ই আগস্ট, ২০২০ অনুসারে সদস্য / উপকারী মালিকদের নিবন্ধে প্রদর্শিত থাকে কেবল তারাই ৮৬ তম এজিএম-এ রিমোট ই-ভোটদান বা ই-ভোটিংয়ের সুবিধা গ্রহণের অধিকারী হবে ।

বৈদ্যুতিন মোড, ফিজিকাল মোডে শেয়ার প্রাপ্ত সদস্য এবং যারা ইমেল ঠিকানা নিবন্ধন করেননি তাদের জন্য রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি ৮৬ তম এজিএম আহ্বান নোটিশে দেওয়া হয়েছে।

ই-মেলে ৮৬ তম এজিএম-এর বিজ্ঞপ্তি পাঠানোর পর যাঁরা কোম্পানির সদস্য হয়েছেন কিন্তু ৭ অগাস্ট, ২০২০ (কাট-অফ-ডেট) তারিখে বা তার আগে এবং যাদের বৈধ শেয়ার আছে তাঁরা **secretarial@gillandersarbuthnot.com** -এ অনুরোধ পাঠিয়ে ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। রিমোট ই-ভোটিং -এর জন্য যে সকল সদস্য ইতিমধ্যে ই-রেজিস্টার্ড করেছেন সিডিএসএল-এ, তাঁরা এই উদ্দেশ্যে তাঁদের বর্তমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন। যদি আপনি পাসওয়ার্ড ভুলে গিয়ে থাকেন তাহলে আপনার পাসওয়ার্ড রিসেট করতে পারেন "ফরগোট ইউজার ডিটেলস/পাসওয়ার্ড?" বা "ফিজিক্যাল ইউজার রিসেট পাসওয়ার্ড?" সুবিধাটি পাওয়া যাবে **www.evotingindia.com**-তে। ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়ার পদ্ধতির সবিস্তারে বর্ণনা ৮৬তম এজিএম- এর বিজ্ঞপ্তির সঙ্গে দেওয়া হয়েছে।

যে সকল সদস্য রিমোট ই-ভোটিং দ্বারা ভোট প্রদান করেন, তাঁরা ৮৬তম এজিএম-এর সভায় হাজির থাকতে পারবেন কিন্তু ৮৬তম এজিএম-এ ভোট প্রদানে অধিকারী হবে না।

যে সমস্ত সদস্য বৈদ্যুতিন আকারে শেয়ার ধারণ করে আছেন এবং যারা তাদের ই-মেল ঠিকানাগুলি নিবন্ধভুক্ত করেননি তাদের নিজ নিজ ডিপোজিটরি অংশগগ্রহণকারী(গুলি) কাছে এবং ফিজিক্যাল আকারে শেয়ার ধারণকারীদের ৮৬তম এজিএম আহ্বানকারী নোটিসে বর্ণনা অনুযায়ী ই-মেল ঠিকানা আপডেট/নিবন্ধিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।

রিমোট ই-ভোটিং সংক্রান্ত কোনও রকম জিজ্ঞাস্য, নালিশের ক্ষেত্রে, সদস্য বা শেয়ারহোল্ডারের জন্য ফ্রিকোয়েন্সিল আস্কড্ কোয়েশ্চেনস্ ("এফএকিউ")-এর উল্লেখ করতে পারেন এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল, যা **www.evotingindia.com**-এ পাওয়া যাবে, হেল্প সেকশন অধীনে অথবা ই-মেল লিখতে পারেন **helpdesk.evoting@cdslindia.com**-এ অথবা যোগাযোগ করতে পারেন ১৮০০২২৫৫৩৩ নম্বরে ফোন করে। বৈদ্যুতিন উপায়ে ভোট দেওয়ার সুবিধার সাথে যুক্ত সমস্ত অভিযোগ জানাতে পারেন শ্রী রাকেশ ডালভি, ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৬তম তল, ম্যারাথন ফুটুরেক্স, মফৎলাল মিল কম্পাউন্ডস, এন এম যোশী মার্গ, লোয়ার প্যারেল (ইস্ট), মুম্বই - ৪০০০১৩ -কে অথবা স্ক্যান করে পাঠান ইমেল **helpdesk.evoting@cdslindia.com** তে অথবা ফোন করুন ১৮০০২২৫৫৩৩ নম্বরে। আপনি কোম্পানির আরটিএ **mdpldc@yahoo.com** তে লিখে জানাতে পারেন।

গিলান্ডার্স আরবুথনট অ্যান্ড কোম্পানি লিমিটেড-এর পক্ষে
কলকাতা **ধনঞ্জয় কর্মকার**
২২ জুলাই, ২০২০ কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়ান্স অফিসার

বিজ্ঞপ্তি

In the Court of the District Delegate,Kharagpur, Paschim Medinipur
Probate J. Misc Case No- 139/2018 **New probate Case No 18/2020**

শ্রী পবন কুমার সামন্ত.................................... দরখাস্তকারী।

এতদ্দ্বারা অত্র মোকর্দ্দমার ২ নং প্রতিপক্ষ শ্রীমতী পদ্মাবতী মান্না স্বামী- শ্রী শ্রীপতি মান্না এবং ৩ নং প্রতিপক্ষ শ্রী শ্রীপতি মান্না,পিতা-অজ্ঞাত উভয়ের সাকিন-বড়নেহারী, পোঃ -নেহারী, থানা- এগরা, জেলা- পূর্ব মেদিনীপুর।

আপনাদেরকে জানানো যায় যে আপনাদের বিরুদ্ধে ঁভুবন চন্দ্র মাঝির সম্পাদিত উইল প্রবেট পাওনের প্রার্থনায় উপরোক্ত দরখাস্তকারী মোকর্দ্দমা উত্থাপন করিয়াছে। আপনাদের উপর বারংবার হুজুর আদালত হইতে হুজুরাদালতের পেয়াদার মাধ্যমে এবং রেজিষ্ট্রী পোষ্টের মাধ্যমে নোটিশ প্রেরিত হওয়ায় এবং আপনারা তাহা প্রাপ্ত/অবগত থাকা সত্ত্বেও অত্র মোকর্দ্দমায় হাজির হইতেছেন না। তৎ কারনে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১ মাস মধ্যে বা আগামী ইং-31.08.2020 তারিখে ধার্য্য দিনে আপনারা স্বয়ং কিংবা কোন ভারপ্রাপ্ত উকিলবাবু মাধ্যমে হাজির হইয়া কারন দর্শাইবেন। অন্যথায় আপনাদের বিরুদ্ধে আইন অনুযায়ী অত্র মোকর্দ্দমা নিষ্পত্তি হইবে। এবং এতদ্দ্বারা পশ্চিম মেদিনীপুর জেলার মোহনপুর থানার অন্তর্গত মৈশামুন্ডা, ধৌড়জামুয়া এবং পূর্ব মেদিনীপুর জেলার এগরা থানার অন্তর্গত আলংগিরি মৌজায় সর্ব্ব সাধারনগনকে অবগত করানো যাইতেছে যে, ধৌড়জামুয়া সাকিনের ঁভুবন প্রঃ ভুবন চন্দ্র মাঝি পিতা-ঁঅযোধ্যা প্রঃ অযুদ্ধি মাঝি উক্ত সাকিনের স্থায়ী বাসিন্দা ছিলেন। তিনি গত ইং 21.05.1995 তারিখে নিজ স্থায়ী বাসভবনে পরলোক গমন করিয়াছেন। উক্ত ঁভুবন প্রঃ ভুবন চন্দ্র মাঝি পিতা-ঁঅযোধ্যা প্রঃ অযুদ্ধি মাঝি জীবিতাবস্থায় গত ইং 11.04.1992 তারিখে সম্পাদিত উইল মূলে প্রবেট গ্রহনের জন্য উপরোক্ত দরখাস্তকারী অত্র আদালতে উপরোক্ত নং মোকর্দ্দমা দায়ের করিয়াছেন এবং উক্ত মোকর্দ্দমার পরবর্ত্তী ধার্য্য দিন ইং 31.08.2020 তারিখে ধার্য্য রহিয়াছে। উক্ত বিষয়ে কাহারও কোন প্রকার আপত্তি থাকিলে আগামী ইং 31.08.2020 তারিখের মধ্যে বা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে স্বয়ং কিংবা ভারপ্রাপ্ত কোন উকিল বাবুর মাধ্যমে হাজির হইয়া কারন দর্শাইবেন অন্যথায় অত্র মোকর্দ্দমা আইন অনুযায়ী নিষ্পত্তি হইবে। নিবেদন ইতি তাং- (ক) তপশীল সম্পত্তির বিবরণঃ জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- মোহনপুর, মৌজা-মৈশামুন্ডা, জে.এল.নং - ৩৭১, খতিয়ান নং- ৩২৬/১ ২৯৫ দাগে জল ৩৩ডেঃ, ৩২৩ দাগে জল ০৬ ডেঃ মোট- ৩৯ ডেঃ। (খ) তপশীল সম্পত্তির বিবরণঃ ১) জেলা- পূর্ব মেদিনীপুর, থানা- এগরা, মৌজা- আলংগিরি, জে.এল.নং - ৪৮, হাল খতিয়ান নং- ১১৩৫। ২৫ দাগে জল ১৬ ডেঃ, ২৭ দাগে জল ১৮ ডেঃ, ৬৩ দাগে জল ২৪ ডেঃ মোট- ৫৮ ডেঃ, ২) জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- মোহনপুর, মৌজা- ধৌড়জামুয়া, জে. এল. নং - ৩৭৩, হাল খতিয়ান নং - ১৮৫, ৬১২ দাগে জল ১৮ ½ ডেঃ, ৪৬৫ দাগে ডাঙা ০৬ ½ ডেঃ, ৪১৪ দাগে কালা ০২ ডেঃ, ৫৩৬ দাগে জল ১৫ ডেঃ, ৮০৩ দাগে জল ১৪ ডেঃ, ৮৩৯ দাগে জল ২২ ডেঃ, ৮৭৯ দাগে জল ২৩ ডেঃ, ৮৯৫ দাগে জল ১৪ ½ ডেঃ, ৭৫৬ দাগে জল ২০½ ডেঃ, ১৯৯ দাগে ডাহি ০১ ডেঃ, ২০২ দাগে কালা ০২ ডেঃ, ২০৩ দাগে বাস্তুঘর ০৩ ডেঃ, ২৮৬ দাগে খড়িবন ০১ ডেঃ, ৩৯৯ দাগে পানবরজ ০২ ডেঃ, ৪১২ দাগে পানবরজ ০৪ ডেঃ, ৪১৩ দাগে ডাহি ০৫ ½ ডেঃ, ৪৩৮ দাগে খড়িবন ০৩ ডেঃ, ৪১৯ দাগে জল ০১ ডেঃ, ৫৯৬ দাগে জল ০৮ ডেঃ, ৬০৫ দাগে জল ১২ ডেঃ, ৬২০ দাগে জল ০৭ ডেঃ, ৪৩৭ দাগে পানবরজ ০১ ডেঃ, ৬২২ দাগে জল ০৭ ডেঃ, ৭২৭ দাগে জল ১৬ ডেঃ, ৭৯২ দাগে জল ২১ ডেঃ, ২০৪ দাগে কালা ০৭½ ডেঃ, ৩৭৭/৯১৪ দাগে পানবরজ০১ডেঃ, ৪৩৫ দাগে জল০১½ ডেঃ, ৩৯৫ দাগে ডাহি পুরাতন পতিত ০৫ ডেঃ, ৭২০ দাগে জল ২৫ ½ ডেঃ, ২০৫ দাগে ডোবা ০২ ডেঃ, ৪১১ দাগে জল ০৪ ডেঃ, ৪৪১দাগে ডোবা ০১ ডেঃ, ৪৩১ দাগে জল ০২ ডেঃ, ২০১ দাগে ডোবা ০৩ ডেঃ, ৪২৯ দাগে ডোবা০১ ডেঃ, ৩৯৪ দাগে পানবরজ ০১ ডেঃ, মোট ২।৮৪ একর, (খ) তপশীলে সর্ব্ব মোট - ৩।৪২একর।

অনুমত্যানুসারে, Bablu Murmu (Sheristadar),
District Deligate, Kharagpur Sub Division, Court Paschim Medinipur. 08.07.20.

পড়ুয়াদের সমস্যা সমাধানে হোয়াটসঅ্যাপ গ্রুপ

নিজস্ব প্রতিবেদন, কাটোয়া: কারও বই-খাতা নেই, কারও উচ্চশিক্ষার জন্য অর্থসংস্থান নেই। কেউ আবার 'সবুজসাথী' প্রকল্পের সাইকেল পায়নি। পড়ুয়াদের এমন হাজারও মুশকিল আসানে উদ্যোগী মন্ত্রী স্বপন দেবনাথ। পড়ুয়ারা তাদের যে কোনও সমস্যায় যাতে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে পারে সেজন্য খোলা হল একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ। নামকরণ করা হয়েছে 'ছাত্রছাত্রীদের পাশে, ছাত্রছাত্রীদের সাথে।'

নাদনঘাটের দামোদরপাড়া অনাথ ও বৃদ্ধাশ্রমে নাদনঘাট, পূর্বস্থলী, নবদ্বীপ-সহ লাগোয়া এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ২৫০ জন কৃতী পড়ুয়ার উপস্থিতিতে যাবতীয় স্বাস্থ্যবিধি মেনে এই হোয়াটসঅ্যাপ গ্রুপের সূচনা করেন মন্ত্রী। জানালেন, শিক্ষাসংক্রান্ত যে কোনও বিষয়ে এই হোয়াটসঅ্যাপ গ্রুপে পোস্ট করা যাবে। বই বা পঠনপাঠনের সরঞ্জাম না মিললে বা

কাটোয়া

নিয়ম অনুসারে আবেদন করে স্কলারশিপের টাকা না মেলার সমস্যা হলে তা গ্রুপে জানালে সমাধানের উদ্যোগ নেওয়া হবে বলে জানালেন মন্ত্রী। গ্রুপের লক্ষ্য ও উদ্দেশ্য স্মরণ করিয়ে মন্ত্রীর দাবি, 'আমাকে সবসময় ফোনে হয়ত পেলে না। আমার কাছে আসারও দরকার নেই। যা সমস্যা আছে, তা গ্রুপে পোস্ট করে দিলেই আমার সাধ্যের মধ্যে হলে নিশ্চিতভাবেই সমাধানের উদ্যোগ নেব। এই গ্রুপে রাজ্য সরকারের চালু করা কন্যাশ্রী, সবুজসাথী, যুবশ্রী প্রভৃতি প্রকল্পের বিষয়েও পোস্ট করা যাবে।'

উপস্থিত ছাত্রছাত্রীদের পরিবেশরক্ষার দায়িত্বও মনে করিয়ে দেন স্বপনবাবু। প্রত্যেকের হাতে তুলে দেন একটি করে গাছের চারা। এছাড়া সবার হাতে তুলে দেন মাস্ক ও স্যানিটাইজার। করোনা সংক্রমণ রোধ করতে ছাত্রছাত্রীদের বাড়তি দায়িত্ব নিতে বলেন মন্ত্রী। সাধারণ মানুষকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার জন্য প্রচার করার আবেদন জানান। মন্ত্রীর উদ্যোগে খুশি পড়ুয়া ও তাঁদের অভিভাবকরা।

ASHIANA HOUSING LIMITED

CIN: L70109WB1986PLC040864
Regd. Office: 11G, Everest, 46/C, Chowringhee Road, Kolkata -700 071
Head Office: Unit No. 4&5, 3rd Floor, Plot No. D-2, Saket District Center, Saket, New Delhi-110 017; Phone: 011- 42654265; Fax: 011-4265 4200
Email: investorrelations@ashianahousing.com
Website: www.ashianahousing.com

NOTICE

Notice is, hereby, given that pursuant to section 91 of the Companies Act, 2013, the Register of Members and Share Transfer Books of the company will remain closed from 12th August 2020 to 18th August 2020 (both days inclusive) for the purpose of Annual General Meeting and taking record of shareholders entitled to dividend, for the financial year ending on 31st March, 2020, if approved by the shareholders in the ensuing annual general meeting.

Notice is also, hereby, given that the **34th Annual General Meeting (AGM) of the company will be held on Tuesday, 18th August 2020 at 11.00 A.M.** through Video Conference (VC) or Other Audio Visual Means (OAVM) in compliance with all the applicable provisions of the Companies Act, 2013 and rules made thereunder, and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, read with General Circular numbers 14/2020, 17/2020, 20/2020 dated 08th April, 2020, 13th April, 2020 and 05th May 2020 respectively issued by the Ministry of Corporate Affairs (MCA), Government of India and Circular No. SEBI/H.O./CFD/CMD1/CIR/P/2020/79 dated 12th May, 2020 issued by the Securities and Exchange Board of India (SEBI), to transact the business set forth in the Notice convening the Annual General Meeting.

In compliance with the above Circulars, electronic copies of the Notice of Annual General Meeting and Annual Report for the financial year 2019-20 will be sent to all the members whose email addresses are registered with the Company/Depository Participant(s). The said Notice and Annual Report will also be available on Company's website at **www.ashianahousing.com** and on the website of the stock exchanges where shares of the Company are listed **(www.nseindia.com,** and **www.bseindia.com).**

In case shareholders have not registered their email address with the company/ Depository Participant, or have not updated their bank account mandates for receipt of dividend, please follow these instructions:

a) Members holding shares in physical mode are requested to send the following details for registering/updating their details, Email-Id, Folio Number, Name of the Shareholder, Mobile Number, and Self Attested scan copy of Permanent Account Number (PAN), by email to our registrar and share transfer agent (RTA) at **beetalrta@gmail.com**;
